ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৫৭
আগরতলা, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**অ্যানিমেশন, ভিজুয়্যাল এফেক্টস প্রভৃতি বিষয়ে এন ই সি'র অর্থ মঞ্জুর**

উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির যুবক-যুবতীদের অ্যানিমেশন, ভিজুয়্যাল এফেক্টস গেমিং, কমিকস (AVGC) এবং IT-ITES ক্ষেত্রে দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশ্যে প্রকল্প রূপায়ণের জন্য উত্তর-পূর্বাঞ্চল পর্ষদ ৫১.১৭৮ লক্ষ টাকা গ্যাপ ফান্ডিং মঞ্জুর করেছে। শিলংস্থিত নর্থ ইস্টার্ন রিজিয়ন কমিউনিটি রিসোর্সেস ম্যানেজমেন্ট সোসাইটি এই প্রকল্পটি রূপায়ণ করবে। এ ভি জি সি ক্ষেত্র যে হিসেবে সম্প্রসারিত হচ্ছে এতে এই শিল্প ২০২৩-এর ১৮৮ বিলিয়ন থেকে বেড়ে ২০২৭ -এ ৪১৯ বিলিয়ন-এ পৌঁছাবে বলে আশা করা হচ্ছে।

এই উদ্যোগ নেওয়া হয়েছে উত্তর-পূর্বাঞ্চলের যুবক-যুবতীদের কর্মসংস্থানের সুযোগ, আর্থিক উন্নতি, দক্ষতা উন্নয়ন, স্ব-নির্ভর কর্মসংস্থান ও স্থায়ী জীবিকার্জনের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে। এই প্রকল্পে উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের ৪০০ জন যুবক-যুবতীকে প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা রয়েছে। এই প্রকল্প আংশিকভাবে পি এম কে ভি ওয়াই ৪.০ নির্দেশিকা অনুসারে বাস্তবায়িত হবে। এন ই সি মূলতঃ থাকা খাওয়ার ব্যয় বহন করবে। উল্লেখ্য সম্প্রতিকালে এন ই সি-র অর্থে আগরতলায় মিউজিক্যাল গার্ডেন প্রকল্প রূপায়িত হয়েছে। ১৫০ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পটির কাজ শেষ হয় ১১ আগস্ট ২০২৫ তারিখে। শিলংস্থিত এন ই সি সচিবালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****